



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটান পার্ভেন, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-২
www.probashi.gov.bd

নং ৪৯.০০.০০০০.১০২.১৬.০৫২.১৬ (অংশ-১)-৪৯

তারিখ: ২৮ ফেব্রুয়ারি ২০২১ খ্রি:


বিষয়: রিক্রুটিং কার্যক্রমে সম্পূর্ণ রিক্রুটিং এজেন্টসমূহের বৈধ প্রতিনিধির তালিকা সংরক্ষণ এবং ৩১ মার্চ ২০২১ তারিখের মধ্যে তা বিএমইটি-তে দাখিল সংক্রান্ত।

- (১) বিএমইটি'র ০৪-১১-২০২০ তারিখের ৪৯.০১.০০০০.০২০.৩১.৪৮১ (১)-১৪-৯৩৯৫ সংখ্যক পত্র;
- (২) অত্র মন্ত্রণালয়ের ১২-১০-২-২০ তারিখের ৪৯.০০.০০০০.১০২.১৬.০৫২.১৬ (অংশ-১)-৩৭৬ সংখ্যক পত্র;
- (৩) অত্র মন্ত্রণালয়ের ০১-০৭-২০১৯ তারিখের ৪৯.০০.০০০০.০৪৪.১৮.০৮৩.১৯-২৯২ সংখ্যক পত্র;
- (৪) এ মন্ত্রণালয়ের ০২-০৪-২০১৯ তারিখের ৪৯.০০.০০০০.০৪৪.০২২.৭৯.১৯-১৪৮ সংখ্যক পত্র;

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সৃষ্ট ও নিরাপদ অভিবাসন ব্যবস্থাপনা নিশ্চিতকরণ, দালালের দৌরাত্ম্য নির্মূল, রিক্রুটিং এজেন্টের বৈধ প্রতিনিধির তালিকা সংরক্ষণ প্রভৃতি বিষয়ে বায়রা প্রতিনিধিবৃন্দের সাথে সর্বশেষ গত ০৭ অক্টোবর ২০২০ তারিখে এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, গত ১৮ জুন ২০১৯ তারিখেও মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুরূপ আরেকটি সভা অনুষ্ঠিত হয়েছিল। গত ০৭ অক্টোবর ২০২০ তারিখের উক্ত সভার ১২.১ নং সিদ্ধান্ত অনুসারে বিএমইটি'র মহাপরিচালকের নেতৃত্বে গঠিত একটি কমিটি বর্তমানে এতদবিষয়ে কাজ করছে। কমিটি ২২ অক্টোবর ২০২০ তারিখে এ সংক্রান্ত সভায় মিলিত হয়ে কতিপয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত/সুপারিশ গ্রহণ করে। মাঠ পর্যায়সহ সর্বস্তরে দালালের দৌরাত্ম্য নির্মূল, বিদেশগামী কর্মীদের হয়রাগি বন্ধ, অভিবাসন ব্যায় হ্রাস তথা অভিবাসন প্রক্রিয়াকে অধিকতর স্বচ্ছ ও জবাবদিহিতার আওতায় আনয়নের লক্ষ্যে ২২ অক্টোবর ২০২০ তারিখের উক্ত সিদ্ধান্ত/সুপারিশের আলোকে রিক্রুটিং এজেন্টসমূহের সকল পর্যায়ের বৈধ প্রতিনিধিদের তালিকা সংগ্রহ ও সংরক্ষণ করা বর্তমান সময়ে অত্যন্ত জরুরি মর্মে প্রতীয়মান হচ্ছে।

০২। বর্ণিতব্যয়, অর্বেদন দালালদের প্রতারণা থেকে বিদেশগমনেচ্ছু কর্মীদের রক্ষা করার উদ্দেশ্যে সকল রিক্রুটিং এজেন্টকে তাদের বৈধ প্রতিনিধির নাম, ঠিকানা, ছবি, মোবাইল নম্বর ইত্যাদিসহ তালিকা সংরক্ষণ এবং আগামী ৩১ মার্চ ২০২১ তারিখের মধ্যে তা বিএমইটি-তে দাখিলের নিমিত্ত সকল রিক্রুটিং এজেন্টকে বিএমইটি কর্তৃক জরুরি নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উক্ত সময়ের মধ্যে বৈধ প্রতিনিধির তালিকা দাখিলে বার্থ হলে বিএমইটি কর্তৃক সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্টের অনুকূলে বর্হিগমন ছাড়পত্র প্রদান কার্যক্রম বন্ধ রাখার জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতীব জরুরি।


(মোহাম্মদ শাহিন) ২৮/০২/২০২১

উপসচিব

ফোন-৪১০০২০২২

ই-মেইল: sasemployment2@probashi.gov.bd

মহাপরিচালক
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২ কাকরাইল, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৩. প্রশাসক, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা), ১৩০ নিউ ইন্সটান রোড, ঢাকা (বায়রা'র সদস্যভুক্ত সকল রিক্রুটিং এজেন্টকে সংশ্লিষ্ট বিষয়ে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো)।
৪. অতিরিক্ত সচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৫. অতিরিক্ত সচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৬. অফিস কপিগার্ড হাইন।


বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা)

বায়রা ভবন, ১৩০, নিউ ইন্সটান রোড, ঢাকা-১০০০। ফোনঃ ৪১০০২১৩৬-৩৮

বায়রা/৩(৯)/২০২১/৯৪

তারিখঃ ১০/০৩/২০২১

সদয় অবগতি ও সানুত্ব ব্যবস্থা গ্রহণের জন্য বায়রা'র সকল সম্মানিত সদস্য বরাবর অনুলিপি প্রেরণ করা হলো।


(মুহাম্মদ মাকসুদ রহমান)
সচিব (প্রশাসন), বায়রা।

বিতরণঃ সম্মানিত সদস্য (সকল)
বায়রা।